



SIFL/SECT/EA/21-22/66

August 16, 2021

The Secretary

BSE Limited

Phiroze Jeejeebhoy Towers

Dalal Street, Mumbai - 400 001

Fax: 022-2272 2037/2039/2041/3121

BSE Scrip Code: 523756

National Stock Exchange of India Limited

Exchange Plaza, 5th Floor, Plot no. C/1, G Block

Bandra-Kurla Complex, Bandra (E)

Mumbai - 400 051

Fax: 022-2659 8237/38; 2659 8347/48

NSE Symbol: SREINFRA

Dear Sir,

Sub: Financial Results – Newspaper Publication

In continuation to our letter dated 14th August, 2021, inter alia, with regard to submission of Unaudited Standalone and Consolidated Financial Results of the Company for the Quarter ended on 30th June, 2021, please find enclosed the copy of the advertisement published on Sunday, 15th August, 2021 in English and Regional Newspaper (Bengali).

The same has also been made available on the Company's website at the following web link <https://www.srei.com/newspaper-publication>.

This is for your information and record.

Thanking you.

Yours sincerely,

For Srei Infrastructure Finance Limited

Manoj Kumar

Company Secretary

FCS 6698

Encl: as above

Srei Infrastructure Finance Limited

CIN: L29219WB1985PLC055352

Registered Office: 'Vishwakarma' 86C, Topsia Road (South), Kolkata - 700046

Tel.: +91.33.22850112-15, 61607734, Fax: +91.33.2285 7542/8501

Email: corporate@srei.com Website: www.srei.com

যখন কন্যাশ্রী-র অষ্টম বর্ষপূর্তি পালনে মগ্ন গোটা রাজ্য তখন বাড়ি থেকে বেরতে ভয় এক ১২ বছরের নাবালিকার

সঞ্জয় সিং • পশ্চিম বর্ধমান



বছরের দিদি বাবু বক্কীর বীভৎস রূপ দেখে ভয় পেয়ে যায়। তিনি আরও জানান, 'বাবু বক্কী' ১০ বছরের শিশুকন্যার গলা টিপে তাকে মেরে ফেলার চেষ্টা করে। বড় বোনকে হঠাৎ তাঁর সামনে আসতে দেখে তাঁর দিকে তেড়ে যায় বাবু বক্কী। সেই সুযোগে ১০ বছরের নাবালিকা শিশুকন্যা নিজেকে বাঁচাতে ঘর থেকে পালায়। বাবু বক্কী তাঁর পিছু...

নেয় সেই সুযোগে বড় বোন তাদের বাড়ি থেকে পালিয়ে যায়। এবং পাড়ার রাস্তার অনেকটাই তাদের পিছু নেয় বাবু বক্কী। যা ধরা পড়ে পাড়ার এক সিনি ক্যামেরায়। এরপরই নাবালিকার পরিবারের তরফ থেকে আসানসোল দক্ষিণ

• ১০ বছরের নাবালিকাকে ধর্ষণের চেষ্টায় অভিযুক্ত তৃণমূল নেতা বাবু বক্কীকে গ্রেপ্তার করল পুলিশ

ধানায় বাবু বক্কীর বিরুদ্ধে লিখিত অভিযোগ করা হয়। অভিযোগের ভিত্তিতে আসানসোল দক্ষিণ থানার আধিকারিক সঙ্গে সঙ্গে পদক্ষেপ গ্রহণ করেন। ভারতীয় দণ্ডবিধির 'পকসো' অধিনে মামলা রুজু করে গ্রেপ্তার করে স্থানীয় তৃণমূল নেতা বাবু বক্কীকে। তাঁকে (এসসি/পকসো) ২৯/১১ ইউ/এস ৪(২)/১৬ পকসো আইনে আদালতে পেশ করে পুলিশ। নেওয়া হয় পুলিশ রিমান্ডে। নাবালিকার পরিবারের তরফে জানানো হয়, বাবু বক্কী গ্রেপ্তার হওয়ার পর থেকেই তাদের মামলা তুলে নেওয়ার হুমকি দেওয়া শুরু করে বাবু বক্কীর ভাই ভবল (সমীর) বক্কী। তাদের দেওয়া হয় ২ লক্ষ টাকার প্রলোভন।

নাবালিকার কাাকা জানান, ত্রাস সৃষ্টি করেছে পরিবারের ওপর। বাড়ির বাহিরে বেরনো, কারের সঙ্গে দেখা করা এক প্রকার বন্ধ করে দিয়েছে। তিনি জানান, ভয়ে ১০ বছরের নাবালিকা শিশুকন্যাকে অন্যত্র পাঠিয়ে দেওয়া হয়েছে। বড় বোন ভয়ে বাড়ির বাহিরে বেরতে পারছে না। এই বিষয়ে বিজেপির পশ্চিম বর্ধমান জেলার মহিলা সভানেত্রী পাপিয়া পাল জানান, 'রাজ্যে একজন মহিলা মুখ্যমন্ত্রী থাকা সত্ত্বেও মহিলারা অসহায়, শিশুকন্যাকে পর্যন্ত রেহাই করেছে না শাসক দল তৃণমূলের স্থানীয় নেতারা। নাবালিকার বাড়িতে কেউ এলে তাঁকে হুমকি দেওয়া হচ্ছে।' এই বিষয়ে বিজেপি নেতা কৃষ্ণেন্দ্র মুখের পান্থীয় জানান, আমি ওই নাবালিকাদের বাড়ি গিয়েছিলাম। তাদের চোখে মুখে আতঙ্কের ছাপ। এতটাই ভয় তাদের গ্রাস করেছে তাঁরা কথা বলতেও ভয় পান। তিনি বলেন, প্রতিদিন রাতে একদল লোক নিয়ে ভবল (সমীর) বক্কী তাদের বাড়িতে গিয়ে তাদের শাসিয়ে আসছে এবং মামলা তুলে নেওয়ার জন্য ছাপ সৃষ্টি করছে। কৃষ্ণেন্দ্র মুখের পান্থীয় বলেন, 'মাননীয়া মুখ মন্ত্রীর কাছে আবেদন রাখছি এদের পরিবারের দিকে সহানুভূতির দৃষ্টি রাখার জন্য।'

ফের ধস অভালের কাজোড়া এলাকায়, আতঙ্কে স্থানীয়রা



সোমনাথ মুখোপাধ্যায়

অভাল: আবাদের ধস অভালের কাজোড়া গ্রামের বাগনী পাড়া থেকে প্রায় ১৫০ মিটার দূরে। শনিবার সকালে ধস দেখতে পান স্থানীয়রা। মূলত এই এলাকায় সরকারি উদ্যোগে রেশম গুটি চাষ করা হয়। শনিবার সকালে আচমকই বিকট আওয়াজ শুনতে পান কর্মরত শ্রমিকরা। তাঁরা ছুটে গিয়ে দেখেন প্রায় ১০০ মিটার জুড়ে ধসের সৃষ্টি হয়েছে। এর ফলে আতঙ্কিত হয়ে পড়ে কর্মরত শ্রমিকরা। যেখানে এই ধস দেখা দেয় তার ৫০০ মিটার দূরেই রয়েছে লচিপুর কোলিয়ারি এবং প্রায় ২৩০০ মিটার দূরে রয়েছে বিএড কলেজ ও একটি আশ্রম। স্থানীয়রা অভিযোগ করে বলেন, কাজোড়া উত্তোলনের পর ইসিএল ঠিকমতো

আরামবাগের অসুস্থ যুবকের পাশে দাঁড়ালেন পুরশুড়ার বিধায়ক বিমান ঘোষ

নিজস্ব প্রতিবেদন, হুগলি: অসহায় পরিবারের পাশে আরামবাগ বিজেপি শনিবার স্থানীয় আরামবাগ দেলাতপুর সংলগ্ন এলাকায় বিজেপির, আরামবাগ সাংগঠনিক জেলা সভাপতি তথা পুরশুড়া বিধায়ক বিমান ঘোষ পাশে দাঁড়ালেন অসহায় ও দুঃস্থ এক যুবকের। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মাসখানেক আগে ছাদ থেকে পড়ে গিয়ে গুরুতরভাবে জখম হয় আরামবাগ পুরসভার ৭ নম্বর ওয়ার্ড দেলাতপুর সংলগ্ন এলাকার এক যুবক। নাম তোতান পাখিরা। বাবার নাম কর্তিক পাখিরা। এই দুর্ঘটনায় ছাদ থেকে পড়ে গিয়ে তোতানের কোমর থেকে পা পর্যন্ত গুরুতরভাবে জখম হয়। বর্তমানে তার চিকিৎসা চলছে। বর্তমানে বাড়িতে শয্যাশায়ী। পারিবারিক সূত্রে জানা গিয়েছে, খুবই প্রতিভাবান ছেলে তোতান। খুব ভালো ফুটবল খেলত। বাড়ির অবস্থাও সেরকম ভালো না। কোনওরকমে সংসার চলে। এই খবর জানতে পেরেই আরামবাগ সাংগঠনিক জেলা সভাপতি বিমান ঘোষ শনিবার তার বাড়িতে গিয়ে যুবকের পরিবারের সঙ্গে দেখা করেন এবং একটি ছইলাচোয়ার বাড়িতে নিজে গিয়ে দিয়ে



এলেন। এর পাশাপাশি বিজেপির আরামবাগ সাংগঠনিক জেলার পক্ষ থেকে আরামবাগ পুরসভার বেশকিছু ওয়ার্ডের বাসিন্দাদের হাতে ত্রিপুরা তুলে দিলেন তিনি। এই উদ্যোগকে এলাকার সাধারণ মানুষ সাধুবাদ জানিয়েছেন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন আরামবাগ বিধায়ক মধুসূদন দাস, বিজেপি নেতা অনিমেঘ কর্মকার, সুমন তেওয়ারী-সহ অন্যান্যরা। এ প্রসঙ্গে সাংগঠনিক জেলা সভাপতি তথা পুরশুড়া বিধায়ক বিমান ঘোষ বলেন, খুব পেয়েই বাড়িতে চলে এলেন তোতান। দুর্ঘটনায় ওর স্পাইনাল কর্ডের অবস্থা খুবই খারাপ। ডাক্তার বলেছে আস্তে আস্তে ঠিক হয়ে যাবে।

আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের উদ্যোগে পথবন্ধুদের নিয়ে সভা

নীলকন্ঠ দাস

আসানসোল: আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের তরফ থেকে শনিবার পথবন্ধুদের নিয়ে এক আলোচনা সভা করা হয় আসানসোলের রবীন্দ্র ভবনে। পথ দুর্ঘটনা ঘটলে কিভাবে প্রাথমিক চিকিৎসা করা যায়, সেই বিষয়টা তুলে ধরা হয় এদিনের আলোচনা সভায়। এদিনের সভায় উপস্থিত ছিলেন পুলিশ কমিশনার অজয় কুমার ঠাকুর, ডিসি হেড কোয়ার্টার অংশুমান সাহা, ডিসি সেন্ট্রাল সোনাগড়েন্দ্র কুলদীপ সুরেশ, ডিসি ট্রাফিক আনন্দ রাও এবং অন্যান্য পুলিশ আধিকারিক সহ জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের আধিকারিকরা। এদিনের অনুষ্ঠানে মূলত পথ নিরাপত্তা বিষয়ে ও পথ দুর্ঘটনা রোধ করার বিষয়ে আলোচনা হয়। আলোচনা সভায় পথ বন্ধুরা বিভিন্ন স্থানের সমস্যাগুলি ও পথ দুর্ঘটনার কবলে পড়া মানুষদের প্রাথমিক চিকিৎসা দেওয়ার ক্ষেত্রে এলাকাভিত্তিক সমস্যাগুলোর কথা তুলে ধরেন। এদিন পুলিশ আধিকারিকদের পক্ষ থেকে সমস্যাগুলোর সমাধানের আশ্বাস



দেওয়া হয়। পুলিশ কমিশনার অজয় ঠাকুর জানান, পথবন্ধু এবং বেসরকারি এইচএলজি হাসপাতালের কর্মীদের নিয়ে আজকের এই আলোচনা সভার

অনুষ্ঠান। মূলত হাসপাতাল কর্মীদের সঙ্গে এই পথবন্ধুদের সমঝুত্ব তৈরি করে দেওয়াই মূল উদ্দেশ্য। কারণ, বেশকিছু ছোট ছোট সমস্যা দেখা দেবে কাজ করার ক্ষেত্রে। যেমন, দুর্ঘটনা ঘটলে অ্যাম্বুল্যান্সের সঙ্গে পথবন্ধুরা হাসপাতালে চলে গেলে তাদের হাসপাতাল থেকে নিজের গন্তব্যে ফিরে আসতে অসুবিধা হচ্ছে। আর অন্যান্য সুযোগ সুবিধার কথা এদিন আলোচনা হয় বলে জানান পুলিশ কমিশনার।

SREI INFRASTRUCTURE FINANCE LIMITED. Regd Office: 'Vishwakarma', 86C, Topsis Road (South), Kolkata - 700 046. Tel. : +91 33 22850112-15, 61607734, Fax : +91 33 2285 8501/7542. Website : www.srei.com, Email for Investors : investor.relations@srei.com (CIN) : L29219WB1985PLC055352. EXTRACT OF UNAUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2021.

হিন্দুস্থান উদ্যোগ লিমিটেড. CIN: L27120WB1947PLC015767. ৩০ জুন, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের স্ট্যান্ডআলোন এবং কনসোলিডেটেড অনির্নীকৃত আর্থিক ফলাফলের সারাংশ.

পেবকো মোটরস লিমিটেড. ৩০ জুন, ২০২১ সমাপ্ত ত্রৈমাসিক সময়ের স্ট্যান্ডআলোন ও কনসোলিডেটেড অনির্নীকৃত আর্থিক ফলাফলের সারাংশ.

SREI infographic showing financial data for Q2 2021. Revenue from Operations: 524, Profit/(Loss) Before Tax: (460), Profit/(Loss) After Tax: (460). Chairman: DIN: 00193015. Together We Make Tomorrow Happen.